দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 DEC 1996
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# ১৩ জন মাদ্রাসা ছাত্রের জবানবন্দি গ্রহণ

চট্টগ্রাম অফিস ॥ কথিত কোরআন হেফজখানা ও মাদ্রাসা হইতে উদ্ধারকৃত শিকল বেড়ী দিয়া রাখা ছাত্রদের গতকাল মঙ্গলবার চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট আদালতে উপস্থাপন করা হয়। ম্যাজিষ্ট্রেট মতিয়ুর রহমান গতকাল মধ্যাহ্ন হইতে বিকাল পর্যন্ত গোপনীয়তার মধ্যে পৃথক পৃথকভাবে ১৩ জন শিশু-কিশোর ছাত্রের ১৬৪ ধারায় জবানবন্দি গ্রহণ করেন। আজ (বুধবার) বাদবাকী ১২ জন ছাত্রের একইভাবে জবানবন্দি গ্রহণ করা হইবে। আদালত গতকাল এ সকল ছাত্রকে পুনরায় থানার নিরাপত্তা হেফাজতে রাখার জন্য পাঠায়। থানায় উক্ত ছাত্রদের বেশ সজীব দেখাইতেছিল। তাহাদের দুইবেলা খিচুড়ি এবং পাউরুটি বিস্কুট চা খাওয়ানো হইতেছে।

এদিকে সূত্র জানায়, চট্টগ্রাম সফররত স্বরাষ্ট্রমন্ত্রী মেজর (অবঃ) রফিকুল ইসলাম বীর উত্তম চট্টগ্রাম বিভাগীয় প্রশাসকের নিকট শিকল বেড়ী লাগানো মাদ্রাসা ছাত্রদের এবং কথিত মাদ্রাসা সম্পর্কে জানিতে চাহেন। তিনি চট্টগ্রাম ও আশেপাশের এলাকায় কোন মাদ্রাসায় অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা হয় কিনা উহা যাচাই করার পরামর্শ দেন।